Justice Md. Azizul Haque

# পাওয়ার অব অ্যাটর্নি আইন ও ক্ষমতাপত্র

## Power of Attorney Act and Letter of Authority

*With amendments and up-to-date rulings*

UNIVERSAL BOOK HOUSE
UBH

# সূচীপত্র

## পাওয়ার অব অ্যাটর্নি আইন, ২০১২


| | | |
|---|---|---|
| ১। | সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন | ১৯ |
| ২। | সংজ্ঞা | ২০ |
| ৩। | অন্যান্য আইনের প্রয়োগ | ৪৩ |
| ৪। | অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নির মাধ্যমে ক্ষমতা অর্পণ, ইত্যাদি | ৪৩ |
| ৫। | নোটিশ জারী, ইত্যাদি | ৫৩ |
| ৬। | পাওয়ার অব অ্যাটর্নি সম্পাদন | ৫৪ |
| ৭। | পাওয়ারগ্রহীতা কর্তৃক সম্পাদিত কর্মের আইনগত ফলাফল | ৮০ |
| ৮। | যৌথদাতার একজনের মৃত্যুর পরিনাম | ৮৪ |
| ৯। | যৌথগ্রহীতার একজনের মৃত্যুর পরিনাম | ৮৪ |
| ১০। | মৃত্যু, ইত্যাদি সম্পর্কে অবগতি ব্যতিত পাওয়ার অব অ্যাটর্নির অধীন অর্থ প্রদান | ৮৪ |
| ১১। | পাওয়ার অব অ্যাটর্নির অবসান | ৮৫ |
| ১২। | রেজিস্ট্রেশন ফি, ইত্যাদি | ৮৯ |
| ১৩। | বিরোধ নিষ্পত্তি | ৮৯ |
| ১৪। | বিধি প্রণয়নের ক্ষমতা | ১১১ |
| ১৫। | আইনের ইংরেজি অনূদিত পাঠ | ১১১ |
| ১৬। | রহিতকরণ ও হেফাজত | ১১২ |


## পাওয়ার অব অ্যাটর্নি বিধিমালা, ২০১৫


| | | |
|---|---|---|
| ১। | সংক্ষিপ্ত শিরোনাম | ১১৩ |
| ২। | সংজ্ঞা | ১২৩ |
| ৩। | পাওয়ার অব অ্যাটর্নির মাধ্যমে ক্ষমতা অর্পণ | ১১৫ |
| ৪। | পাওয়ার অব অ্যাটর্নির মাধ্যমে ক্ষমতা অর্পণে সীমাবদ্ধতা | ১১৬ |
| ৫। | পাওয়ার অব অ্যাটর্নি স্ট্যাম্পযুক্তকরণ | ১১৭ |
| ৬। | বিশেষ পাওয়ার অব অ্যাটর্নির মাধ্যমে ক্ষমতা অর্পণ | ১১৮ |
| ৭। | বিশেষ পাওয়ার অব অ্যাটর্নি প্রস্তুত ও প্রমাণীকরণ পদ্ধতি | ১১৮ |
| ৮। | সাধারণ পাওয়ার অব অ্যাটর্নি নিবন্ধন-পূর্ব অনুসরণীয় পদ্ধতি | ১২০ |
| ৯। | অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি নিবন্ধন-পূর্ব অনুসরণীয় পদ্ধতি | ১২৪ |
| ১০। | বাংলাদেশের বাহিরে সম্পাদিত পাওয়ার অব অ্যাটর্নি | ১২৭ |
| ১১। | বিদেশে ব্যবহার্য পাওয়ার অব অ্যাটর্নি | ১৩১ |
| ১২। | পাওয়ার অব অ্যাটর্নি অবসান পরবর্তী কার্যক্রম | ১৩২ |
| ১৩। | দলিল নিবন্ধনের মাধ্যমে পাওয়ার অব অ্যাটর্নির অবসান | ১৩২ |
| ১৪। | কোম্পানি, ইত্যাদির ক্ষেত্রে নোটিশ জারি | ১৩৩ |
| ১৫। | বাংলাদেশের বাহিরে অবস্থানরত পাওয়ারদাতা বা পাওয়ারগ্রহীতা কর্তৃক পাওয়ার অব অ্যাটর্নি বাতিল বা প্রত্যর্পণের নোটিস প্রদান | ১৩৫ |
| ১৬। | বিরোধ নিষ্পত্তির পদ্ধতি | ১৩৫ |

তফসিল-ক

ফরম-১: বিশেষ, সাধারণ বা অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি ১৩৮

ফরম-২ : স্থাবর সম্পত্তির বর্ণনা সম্বলিত সাধারণ বা অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি দলিল নিবন্ধনের ক্ষেত্রে পাওয়ারদাতা বা তাহার পক্ষে প্রদত্ত হলফনামা ১৪২

ফরম-৩ : বাংলাদেশের বাহিরে সম্পাদিত পাওয়ার অব অ্যাটর্নি প্রমাণীকরণ ১৪৬

তফসিল-খ

ফরম-১ : পাওয়ার অব অ্যাটর্নির অবসান সংক্রান্ত অবহিতকরণ নোটিস ১৫০

ফরম-২ : পাওয়ার প্রত্যাহার বা সমর্পণ সংক্রান্ত নোটিস ১৫২

ফরম-৩ : নিবন্ধিত দলিল দ্বারা পাওয়ার অব অ্যাটর্নি অবসান সংক্রান্ত নোটিস ১৫৬

## পাওয়ার অব অ্যাটর্নি দলিলের কয়েকটি নমুনা ১৬২

নমুনা-১: বিশেষ পাওয়ার অব অ্যাটর্নি দলিল (স্থাবর সম্পত্তি ক্রয়ের জন্য) ১৬৪

নমুনা-২: বিশেষ পাওয়ার অব অ্যাটর্নি দলিল (জমি ক্রয়ের উদ্দেশ্যে) ১৬৬

নমুনা-৩: বিশেষ পাওয়ার অব অ্যাটর্নি (জমি বিক্রয়ের উদ্দেশ্যে) ১৬৮

নমুনা-৪: বিশেষ পাওয়ার অব অ্যাটর্নি দলিল ১৭০

নমুনা-৫: সাধারণ পাওয়ার অব অ্যাটর্নি দলিল ১৭২

নমুনা-৬: সাধারণ পাওয়ার অব অ্যাটর্নি দলিল *(চাকরির উদ্দেশ্যে বিদেশে বসবাসকারী ব্যক্তির পাওয়ার অব অ্যাটর্নি)* ১৭৬

নমুনা-৭: পাওয়ার অব অ্যাটর্নি দলিল রহিতকরণপত্র ১৮০

নমুনা-৮: প্রমাণীকৃত পাওয়ার অব অ্যাটর্নি দলিল বাতিলের দরখাস্ত ১৮২

অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি দলিল ১৮৪

"পাওয়ার অব অ্যাটর্নি" দলিলের নমুনা ফরম ১৯২

## পাওয়ার অব অ্যাটর্নির আরও নমুনা

১ নং নমুনা : সম্পত্তি দেখাশুনা বাবদ পাওয়ার অব অ্যাটর্নি (সার্বিক পাওয়ার অব অ্যাটনি) ১৯৮

২ নং নমুনা : দুই বা ততোধিক ব্যক্তির প্রতি সার্বিক পাওয়ার অব অ্যাটর্নি ২০২

৩ নং নমুনা : সাধারণ পাওয়ার অব অ্যাটর্নি ২০৬

৪ নং নমুনা : বিদেশে সাময়িক অবস্থানকালে কোনো ব্যক্তির সম্পত্তির সার্বিক ব্যবস্থাপনার জন্য পাওয়ার অব অ্যাটনি ২১২

**Schedule-A**


**Form-1:** Special, general or irrevocable power of attorney 139

**Form-2:** Affidavit sworn in by the donor of power or on his behalf in case of registration of general or irrevocable power of attorney containing description of immovable property 143

**Form-3:** Authentication of power of attorney executed outside of Bangladesh 147


**Schedule-B**


**Form-1:** Notice of intimation as to termination of power of attorney 151

**Form-2:** Notice regarding revocation or surrender of power 153

**Form-3:** Notice as to termination of power of attorney by registered deed 157


## Some Model Deeds of Power of Attorney 163


**Sample 1:** Deed of Special Power of Attorney (For buying immovable property) 165

**Sample 2:** Deed of Special Power of Attorney (For buying land) 167

**Sample 3:** Special Power of Attorney (For selling land) 169

**Sample 4:** Deed of Special Power of Attorney 171

**Sample 5:** Deed of General Power of Attorney 173

**Sample 6:** Deed of General Power of Attorney *(Power of attorney by a person staying abroad for service)* 177

**Sample 7:** Deed of Revocation of Powers of Attorney 181

**Sample 8:** Application for Revocation of Authenticated Deed of Power of Attorney 183

Deed of Irrevocable Power of Attorney 185

Model form of deed of "power of attorney" 193


## More Models of Power of Attorney


**Model No. 1 :** Power-of-Attorney to Deal with Property (General Power of Attorney) 199

**Model No. 2 :** General Power of Attorney to Two or More Persons 203

**Model No. 3 :** General Power-of- Attorney 207

**Model No. 4 :** Power-of-attorney for the general management of a person's property, during stay abroad Power-of-Attorney 213

| | | |
|---|---|---|
| ৫ নং নমুনা : | সমস্ত কাজ করার জন্য সার্বিক পাওয়ার-অব-অ্যাটর্নি; সাধারণ পাওয়ার অব অ্যাটর্নি | ২১৬ |
| ৬ নং নমুনা : | সম্পত্তির ওপর দায় সৃষ্টি ও অন্যান্য ক্ষমতা সম্পর্কিত সার্বিক পাওয়ার-অব-অ্যাটর্নি | ২২০ |
| ৭ নং নমুনা : | মামলা পরিচালনার ক্ষমতাসহ অন্য ক্ষমতা অর্পণের সার্বিক পাওয়ার অব অ্যাটর্নি | ২২৪ |
| ৮ নং নমুনা : | মামলা পরিচালনার জন্য বিশেষ পাওয়ার-অব-অ্যাটর্নি পাওয়ার-অব-অ্যাটর্নি | ২২৬ |
| ৯ নং নমুনা : | সম্পত্তি দেখাশুনা করার বিশেষ পাওয়ার-অব-অ্যাটর্নি | ২২৮ |
| ১০ নং নমুনা : | ভবন বিক্রয়ের জন্য পাওয়ার-অব-অ্যাটর্নি | ২৩২ |
| ১১ নং নমুনা : | স্টক, শেয়ার, ইত্যাদির বিক্রয় সম্পর্কিত অর্থ প্রদান বিহিত করার জন্য সাধারণ পাওয়ার অব অ্যাটর্নি | ২৩৬ |
| ১২ নং নমুনা : | সরকারের নিকট বিল সরবরাহ সম্পর্কিত ব্যাংকের অনুকূলে পাওয়ার-অব-অ্যাটর্নি | ২৪০ |

## ক্ষমতাপত্র


- ক্ষমতাপত্র বলিতে কি বুঝায় ২৪৬
- আপনার জানা প্রয়োজন ২৪৬
- প্রতিনিধিত্বমূলক ক্ষমতাপত্র বনাম ক্ষমতাপত্র ২৪৬
- ক্ষমতাপত্র কিভাবে লেখা হয় ২৪৮
- ক্ষমতাপত্রের আকার ২৫২


## ক্ষমতাপত্রের নমুনা

| | | |
|---|---|---|
| নমুনা ১ : | রেজিষ্ট্রী ডাক সংগ্রহ করার জন্য ক্ষমতাপত্র | ২৫৪ |
| নমুনা ২ : | একটি সনদপত্র সংগ্রহ করার জন্য ক্ষমতাপত্র | ২৫৬ |
| নমুনা ৩ : | ব্যাংক হিসাবের জন্য ক্ষমতাপত্র | ২৫৮ |
| নমুনা ৪ : | গাড়ী গ্রহণের জন্য ক্ষমতা প্রদান | ২৬০ |
| নমুনা-৫ : | আইনগত বিষয়ে প্রতিনিধিত্ব করার জন্য ক্ষমতা প্রদান | ২৬২ |
| নমুনা-৬ : | কোম্পানির জন্য ক্ষমতাপত্র | ২৬৪ |
| নমুনা-৭ : | হলফনামা পাঠের জন্য ক্ষমতাপত্র | ২৬৬ |
| নমুনা-৮ : | হলফনামা পাঠের জন্য ক্ষমতাপত্র | ২৬৮ |
| নমুনা-৯ : | মোকদ্দমা পরিচালনার জন্য ক্ষমতাপত্র | ২৭০ |

| | | |
|---|---|---|
| **Model No. 5 :** | General power-of-attorney to do all acts; General Power-of-Attorney | 217 |
| **Model No. 6 :** | General power-of-attorney conferring power *inter alia* for creating charge over properties | 221 |
| **Model No. 7 :** | General power-of-attorney conferring powers including those relating to conduct of cases | 225 |
| **Model No. 8 :** | Special power-of-attorney to conduct cases | 227 |
| **Model No. 9 :** | Special power-of-attorney to deal with property | 229 |
| **Model No. 10 :** | Power-of-attorney to sell building | 233 |
| **Model No. 11 :** | General power-of-attorney dealing with payment relating to sale of stocks, shares, etc | 237 |
| **Model No. 12 :** | Power-of-attorney in favour of banks in relation to supply bills to government | 241 |

## Letter of Authority

- What is the Letter of Authorization 247
- You Should Know 247
- Representative Authorization Letter VS Authorization Letter 247
- How to Write an Authorization Letter 249
- Authorization Letter Format 253

## Model of Letter of Authority

| | | |
|---|---|---|
| **Sample 1 :** | Authorization Letter For Collecting A Registered Post | 255 |
| **Sample 2 :** | Authorization Letter For Collecting A Certificate | 257 |
| **Sample 3 :** | Authorization Letter for a Bank Account | 259 |
| **Sample 4 :** | Authorization to Pick Up Vehicle | 261 |
| **Sample 5 :** | Authorization to Represent in Legal Matters | 263 |
| **Sample 6 :** | Letter of Authorization for Company | 265 |
| **Sample 7 :** | Letter of Authority For Swearing Affidavit | 267 |
| **Sample 8 :** | Letter of Authority For Swearing Affidavit | 269 |
| **Sample 9 :** | Letter of Authority For Conducting Suit | 271 |

| | | |
|---|---|---|
| **Model No. 5 :** | General power-of-attorney to do all acts; General Power-of-Attorney | 217 |
| **Model No. 6 :** | General power-of-attorney conferring power *inter alia* for creating charge over properties | 221 |
| **Model No. 7 :** | General power-of-attorney conferring powers including those relating to conduct of cases | 225 |
| **Model No. 8 :** | Special power-of-attorney to conduct cases | 227 |
| **Model No. 9 :** | Special power-of-attorney to deal with property | 229 |
| **Model No. 10 :** | Power-of-attorney to sell building | 233 |
| **Model No. 11 :** | General power-of-attorney dealing with payment relating to sale of stocks, shares, etc | 237 |
| **Model No. 12 :** | Power-of-attorney in favour of banks in relation to supply bills to government | 241 |

## Letter of Authority

- What is the Letter of Authorization 247
- You Should Know 247
- Representative Authorization Letter VS Authorization Letter 247
- How to Write an Authorization Letter 249
- Authorization Letter Format 253

## Model of Letter of Authority

| | | |
|---|---|---|
| **Sample 1 :** | Authorization Letter For Collecting A Registered Post | 255 |
| **Sample 2 :** | Authorization Letter For Collecting A Certificate | 257 |
| **Sample 3 :** | Authorization Letter for a Bank Account | 259 |
| **Sample 4 :** | Authorization to Pick Up Vehicle | 261 |
| **Sample 5 :** | Authorization to Represent in Legal Matters | 263 |
| **Sample 6 :** | Letter of Authorization for Company | 265 |
| **Sample 7 :** | Letter of Authority For Swearing Affidavit | 267 |
| **Sample 8 :** | Letter of Authority For Swearing Affidavit | 269 |
| **Sample 9 :** | Letter of Authority For Conducting Suit | 271 |

## Appendix-1

# The Notaries Ordinance, 1961


| | | |
|---|---|---|
| 1. | Short title, extent and commencement | 275 |
| 2. | Definitions | 275 |
| 3. | Power to appoint notaries | 276 |
| 4. | Registers | 276 |
| 5. | Entry of names in the Register and issue or renewal of certificates of practice | 276 |
| 6. | Annual publication of lists of notaries | 277 |
| 7. | Seal of notaries | 277 |
| 8. | Functions of notaries | 277 |
| 9. | Bar of practice without certificate | 278 |
| 10. | Removal of names from Register | 278 |
| 11. | Construction of references to notaries public in other laws | 279 |
| 12. | Penalty for falsely representing to be a notary, etc. | 279 |
| 13. | Cognizance of offences | 279 |
| 14. | Reciprocal arrangements for recognition of notarial acts done by foreign notaries | 279 |
| 15. | Power to make rules | 279 |
| 16. | Saving of Act XXVI of 1881 | 280 |


## Appendix-2


## The Powers-of-Attorney Act, 1882 281


## Appendix-3


## দলিল নিবন্ধন সংক্রান্ত ফিসের তালিকা, ২০১৪ 283


সার্কুলার:


বিদেশে ব্যবহৃত ডকুমেন্ট সত্যায়ন প্রসঙ্গে 295

# পাওয়ার অব অ্যাটর্নি আইন, ২০১২

# POWERS-OF-ATTORNEY ACT, 2012

*[Self Translated English Version]*

## পাওয়ার অব অ্যাটর্নি আইন, ২০১২

(২০১২ সনের ৩৫ নং আইন)

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ সেপ্টেম্বর, ২০১২/০৯ আশ্বিন, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৪ সেপ্টেম্বর, ২০১২/০৯ আশ্বিন, ১৪১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:–

**Powers-of-Attorney Act, 1882 রহিতক্রমে একটি নূতন পাওয়ার অব অ্যাটর্নি আইন প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু Powers-of-Attorney Act, 1882 রহিতক্রমে, পাওয়ার অব অ্যাটর্নির মাধ্যমে কার্যসম্পাদনের জন্য ক্ষমতা অর্পণ, উহার রেজিস্ট্রেশন এবং অবসানসহ অন্যান্য আনুষঙ্গিক বিধান সংবলিত, একটি নতুন আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:–

## POWERS-OF-ATTORNEY ACT, 2012

(Act No. XXXV of 2012)

**Bangladesh Parliament**

Dhaka, 24 September, 2012/09 Ashwin, 2019

The following Act passed by the Parliament received the assent of the President on 24 September, 2012/09 Ashwin 1419 and it is hereby published for general information:–

**An Act for the purpose of enacting a new law of Powers of Attorney by repealing the Powers of Attorney Act, 1882**

Whereas it is expedient and necessary to enact a new law to make provisions to confer powers for performing functions through power of attorney, registration and termination thereof with other matters incidental thereto by repealing the Powers-of-Attorney Act, 1882;

Therefore, it is hreby enacted as follows:–

## সারপত্রক

১। প্রস্তাবনার আবশ্যকতা।
২। প্রস্তাবনা আইনের অর্থ জানার বিষয়।
৩। প্রস্তাবনার ভূমিকা।

## পর্যালোচনা

*১। প্রস্তাবনার আবশ্যকতা।*– শিরোনাম ও প্রস্তাবনা নিঃসন্দেহে আইনসভার উদ্দেশ্য এবং অভিলাষকে নির্দেশ করে, এবং পরিধিকে, বা স্বয়ং আইনসভার উদ্দেশ্যকে ইঙ্গিত করে। দেখুন: *Kerala Education Bill (in re:), AIR 1958 SC 956.*

প্রস্তাবনা অবশ্যই আইনকে ব্যাখ্যা করার সহায়ক। দেখুন: *Bengal Immunity Co. v. State of Bihar, AIR 1955 SC 661.*

*২। প্রস্তাবনা আইনের অর্থ জানার বিষয়।*– আইনের প্রস্তাবনা আইনের অর্থকে জানার জন্য একটি ভালো বিষয় এবং ইহাকে বুঝিবার জন্য একটি চাবি বটে এবং আইন পাশ করার জন্য যেহেতু প্রস্তাবনা সাধারনত আইনসভার উদ্দেশ্য ও অভিপ্রায় কে ব্যক্ত করে, সেইহেতু কোনো অস্পষ্টতার সমাধান করা, বা একাধিক অর্থ হইতে পারে এমন শব্দের অর্থ নিদিষ্ট করা, বা আইনকে উহার প্রকৃত পরিধির মধ্যে কার্যকর রাখার উদ্দেশ্যে প্রস্তাবনাকে বৈধভাবে আলোচনা করা যাইবে, যখন আইনের প্রণীত অংশ এই সকল বিষয়ে সন্দেহের উদ্রেক করে। দেখুন: *Narayana Swami v. E., AIR 1939 PC 47.*

## SYNOPSIS

1. Necessity of Preamble.
2. Preable is subject to know meaning of Act.
3. Role of preamble.

## COMMENTS

***1. Necessity of Preamble.*** – The title and the Preamble undoubtedly throw light on the intents and designs of the Legislature, and indicate the scope or the purpose of the Legislature itself. See *Kerala Education Bill (in re:), AIR 1958 SC 956.*

The preamble might be as aids to the construction of a statute. See *Bengal Immunity Co. v. State of Bihar, AIR 1955 SC 661.*

***2. Preable is subject to know meaning of Act.*** – The Preamble of a statute is a good means of finding out its meaning, and a key to the understanding of it, and, as it usually states the general object and intention of the Legislature in passing the enactment, it may legitimately be consulted to solve any ambiguity, or to fix the meaning of words which may have more than one, or to keep the effect of the Act within its real scope, whenever the enacting parts is in any of these respects open to doubt. See *Narayana Swami v. E., AIR 1939 PC 47.*

৩। *প্রস্তাবনার ভূমিকা।*– যেক্ষেত্রে আইনের ভাষা এবং উদ্দেশ্য ও পরিধি সন্দেহের উদ্রেক করে, সেইক্ষেত্রে প্রস্তাবনা প্রণীত অংশকে সীমিত বা বর্ধিত করিবে না। দেখুন *Maxwell's Interpretation of Statutes, 8th Edn., 41-42.*

যদি কোনো আইনের প্রণীত অংশ উহার প্রস্তাবনার সহিত হুবহু সমবিস্তৃত না হয়, তাহা হইলে প্রণীত অংশ যদি সুস্পষ্ট ও দ্ব্যর্থহীনভাবে বনর্ণা করা হয়, তবে উহা প্রস্তাবনার উপরে প্রধান্য পাইবে। দেখুনঃ *Raj Mal v. Harnam Singh, 104 IC 661.*

তথাপি, প্রস্তাবনা ও ধারার মধ্যে বিরোধের ক্ষেত্রে ধারা কর্তৃত্ব করিবে। দেখুনঃ *Secretary of State for India v. Maharaja of Bobbili, AIR 1919 PC 52.*

কিন্তু ধারার ভাষাশৈলী যদি অস্পষ্ট বা সন্দেহজনক হয়, তবে অস্পষ্টতার সমাধানের জন্য প্রস্তাবনা আরোপ করা যাইবে। দেখুনঃ *Raj Mal v. Harnam Singh, 104 IC 661.*

***3. Role of preamble.***– Where the language and the object and scope of the Act are not open to doubt, the preamble cannot either restrict or extend the enacting part. See *Maxwell's Interpretation of Statutes, 8th Edn., 41-42.*

If the enacting part of a statute is not exactly co-extensive with the preamble, the former, if expressed in clear and unequivocal terms, will override the latter. See *Raj Mal v. Harnam Singh, 104 IC 661.*

However, in case of conflict between the preamble and the section, it is the section that governs. See *Secretary of State for India v. Maharaja of Bobbili, AIR 1919 PC 52.*

But if the phraseology of the section is ambiguous or doubtful, the preamble may be referred to, to resolve the ambiguity. See *Raj Mal v. Harnam Singh, 104 IC 661.*

## ধারা-১

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**– (১) এই আইন পাওয়ার অব অ্যাটর্নি আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

*(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

## Section-1

**1. Short title and commencement.**– (1) This Act may be called the Power of Attorney Act, 2012.

(2) It shall come into force on such date as the Government may, by notification in the official Gazette, appoint.

* এস. আর. ও নং ১৯৭-আইন/২০১৩ দ্বারা এই আইনটি ১ জুলাই ২০১৩ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে।

## ধারা-২

২। সংজ্ঞা।– বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,–

(১) "পাওয়ার অব অ্যাটর্নি" অর্থ এমন কোন দলিল যাহার মাধ্যমে কোন ব্যক্তি তাহার পক্ষে উক্ত দলিলে বর্ণিত কার্য-সম্পাদনের জন্য আইনানুগভাবে অন্য কোন ব্যক্তির নিকট ক্ষমতা অর্পণ করেন;

(২) "পণ মূল্য" অর্থ কোন ভূমি উন্নয়নের নিমিত্ত অপ্রত্যাহারযোগ্য পাওয়ার গ্রহীতা যে অংশ বিক্রয় বা হস্তান্তরের ক্ষমতাপ্রাপ্ত হন উহার বাজার মূল্য ও পাওয়ার দাতা কর্তৃক গৃহীত কোন অর্থ, যদি থাকে, যাহা দলিলের মূল্য হিসাবে গণ্য হয়;

(৩) "ব্যক্তি" অর্থে যে কোন ব্যক্তি, অংশীদারী কারবার, সমিতি, কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা এবং সমবায় সমিতিও উহার অন্তর্ভুক্ত হইবে;

(৪) "অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি" অর্থ স্থাবর সম্পত্তি বিক্রয়ের উদ্দেশ্যে, বিক্রয় চুক্তি সম্পাদন বা ঋণ গ্রহণের বিপরীতে স্থাবর সম্পত্তির বন্ধক প্রদানের জন্য প্রদত্ত কোন পাওয়ার অব অ্যাটর্নি অথবা স্থাবর সম্পত্তির বিপরীতে পণ মূল্য গ্রহণের বিনিময়ে ভূমি উন্নয়নসহ উক্ত দলিল সম্পাদনের ক্ষমতা প্রদান সম্পর্কিত কোন পাওয়ার অব অ্যাটর্নি;

## Section-2

**2. Definition.**– In this Act unless there is anything repugnant in the subject or context,–

(i) "Power of attorney" means any such instrument through which a person lawfully confers authority upon any other person to perform functions specified in such instrument on his behalf;

(ii) "consideration money" means the market value of that portion of land for the development of which the attorney of an irrevocable power of attorney is conferred authority to sell or transfer and money received by the principal, if any, which is considered as value of the document;

(iii) "person" includes any individual, partnership business, association, company, statutory organisation and co-operative society also;

(iv) "irrevocable power of attorney" means a power of attorney granted for executing a contract for sale in order to sell immovable property, or mortgaging any immovable property against obtaining any debt, or confer authority to execute such instrument in exchange of receipt of consideration money against immovable property along with land development;